

২০২৩

বাংলা

(অনার্স)

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-H-GE-T-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ),

ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী]

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

- ক) চর্যাপদ কোথা থেকে কী নামে প্রথম প্রকাশিত হয়?
- খ) চর্যাপদের চারজন কবির নাম লেখো।
- গ) পুঁথি থেকে প্রাপ্ত চিরকুট অনুসারে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির নাম কী?
- ঘ) মহোপমা কী? সাধারণত কোন্ ধরনের কাব্যে এর প্রয়োগ দেখি?
- ঙ) বিজয়গুপ্ত কোন বাংলার কবি? তাঁর লেখা মঙ্গলকাব্যটির নাম কী?
- চ) চণ্ডীমঙ্গল-কাহিনি কয়টি খণ্ডে বিভক্ত ও খণ্ডগুলির নাম লেখো।
- ছ) অভয়ামঙ্গল কার লেখা? তিনি আনুমানিক কোন সময়ের কবি?
- জ) মুক্তক ছন্দের প্রবক্তা কে? কোথায় এর প্রথম সাক্ষাৎ পাই?
- ঝ) 'অমিত্রাক্ষর'—এরূপ নামকরণের কারণ কী?
- বা)

(পরের পাতায়)

- এ) ছেদ ও যতির দুটি পার্থক্য লেখো।
 ট) আদ্য যমকের একটি উদাহরণ দাও।
 ঠ) বৈষ্ণব পদাবলীর পঞ্চরসের নাম করো।
 ড) অলংকার কাকে বলে? অলংকার কয় প্রকার ও কী কী?
 ঢ) 'ওরে দারুণ বিধি/তোর এ দারুণ বিধি' — এটি কোন অলংকারের উদাহরণ এবং কেন?
 গ) 'কণ্টক গাড়ি কমলসম পদতল'—পদটি কার লেখা? এটি কোন পর্যায়ের পদ?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) তোমার পাঠ্য পদ অবলম্বনে জ্ঞানদাসের কবিপ্রতিভার মূল্যায়ন করো।
 খ) কবি কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি কী কী?
 গ) ধর্মমঙ্গল কাব্যের রচয়িতা হিসেবে ঘনরাম চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।
 ঘ) 'আমার শপতি লাগে' — পদটির পর্যায় উল্লেখ করে কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
 ঙ) ছন্দোলিপি নির্ণয় করো :
 'বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই
 মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই?'
 চ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোন দুটি) :
 শ্লেষ, উপমা, উৎপ্রেক্ষা।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির কয়টি খণ্ড ও কী কী? কাব্যটির সাহিত্যমূল্য বিচার করো।
 খ) মাথুর বিরহ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্যপদ অবলম্বনে কবির কবি-কৃতিত্ব ব্যাখ্যা করো।
 গ) আগমনী ও বিজয়া গানের রচয়িতা হিসেবে সাধক কমলাকান্ত ভট্টাচার্যর কৃতিত্ব নিরূপণ করো।
 ঘ) অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+৮